



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

“সরকারি মৎস্যবীজ উৎপাদন খামার ও বাঁওড়ে মৎস্যবীজ ও মৎস্য উৎপাদন,
বিপণন এবং ব্যবস্থাপনা নীতিমালা ২০১৯”

আইন অধিশাখা
অক্টোবর, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

“সরকারি মৎস্যবীজ উৎপাদন খামার ও বাঁওড়ে মৎস্যবীজ ও মৎস্য উৎপাদন,
বিপণন এবং ব্যবস্থাপনা নীতিমালা ২০১৯”

আইন অধিশাখা
অক্টোবর, ২০১৯

মুখবন্ধ

মাছে-ভাতে বাঙ্গালী আমাদের অতি পরিচিত এ প্রবাদটির মাছের প্রধানতম উৎস ছিল প্রাকৃতিক জলাশয় তথা দেশের নদী-নালা, খাল-বিল, হাওর-বাঁওড়, পুকুর ইত্যাদি। জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে মাছের এ চাহিদা বহুলাংশে বৃদ্ধি পায়। বাড়তি চাহিদা মেটানোর জন্য বদ্ধ জলাশয়ে মাছ চাষ সম্প্রসারণ এবং মাছ চাষে নতুন নতুন জ্ঞান ও প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে মাছের উৎপাদন বাড়ানোর উদ্যোগ গ্রহণ করা হয়। মাছ চাষের মাধ্যমে উৎপাদন বৃদ্ধির জন্য মানসম্পন্ন মাছের পোনা অতীব প্রয়োজন। এ ধরনের পোনা উৎপাদন এবং চাষীদের নিকট সরবরাহ; সরকারের বিভিন্ন উন্নয়ন প্রকল্পে যোগান; নতুন নতুন বিভিন্ন প্রজাতির মৎস্যচাষ, পোনা উৎপাদন, প্রশিক্ষণ কেন্দ্র হিসেবে ব্যবহার; হ্যাচারি ব্যবস্থাপনাসহ লাগসই মৎস্য প্রযুক্তি প্রদর্শন ও চাষীদের নিকট হস্তান্তর এর জন্য সরকারি উদ্যোগে মৎস্য অধিদপ্তরের অধীন মৎস্য বীজ উৎপাদন খামার স্থাপন করা হয়। এ সকল খামারের সম্পদের সর্বোচ্চ ব্যবহার এবং খামারে উৎপাদিত রেণু, পোনা, চিংড়ির পিএল ও জুভেনাইল মৎস্যচাষীদের নিকট সরকার নির্ধারিত মূল্যে সরবরাহ অব্যাহত রাখার স্বার্থে একটি নীতিমালা প্রণয়ন আবশ্যিক ছিল।

বৃহত্তর যশোর অঞ্চলে বাঁওড়সমূহ মৎস্য সম্পদের অন্যতম উৎস। বাঁওড় এর বিজ্ঞানভিত্তিক মৎস্য ব্যবস্থাপনার মাধ্যমে উৎপাদন বৃদ্ধি করা এবং সরাসরি স্থানীয় জেলেদের অংশগ্রহণের মাধ্যমে তাদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের জন্য মূলতঃ কিছু সংখ্যক বাঁওড় সরকার কর্তৃক মৎস্য অধিদপ্তরে হস্তান্তর করা হয়। সে মোতাবেক জেলেদের মাধ্যমে মৎস্য অধিদপ্তরের তত্ত্বাবধানে বাঁওড়ে মৎস্য সম্পদ সংরক্ষণ ও চাষের মাধ্যমে মৎস্য সম্পদের উৎপাদন বৃদ্ধি কার্যক্রম চলমান রয়েছে। বাঁওড় প্রজননক্ষম মৎস্য পালন এবং পোনা উৎপাদনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এ বিবেচনায় পরিকল্পিতভাবে বাঁওড়ে মাছের উৎপাদন বৃদ্ধি, পোনা উৎপাদন এবং ব্যবস্থাপনার প্রয়োজনে নীতিমালা প্রণয়নের প্রয়োজন অনুভূত হয়। ফলে দুটি ক্ষেত্রের প্রয়োজন বিবেচনা করে একটি পরিসরে ‘সরকারি মৎস্য বীজ উৎপাদন খামার ও বাঁওড়ে মৎস্য বীজ ও মৎস্য উৎপাদন, বিপণন এবং ব্যবস্থাপনা নীতিমালা, ২০১৯’ প্রণয়ন করা হয়, যা প্রজননক্ষম মৎস্য সংগ্রহ ও সংরক্ষণ, মাছের রেণু ও পোনা এবং চিংড়ির পিএল ও জুভেনাইল উৎপাদনের মাধ্যমে সার্বিকভাবে দেশে মাছের পোনার চাহিদা পূরণে এবং মৎস্য উৎপাদনে উল্লেখযোগ্য অবদান রাখবে। এ নীতিমালা সরকারি মৎস্য বীজ উৎপাদন খামার ও বাঁওড়ের বিজ্ঞানভিত্তিক ব্যবস্থাপনা সুচারুরূপে সম্পন্ন করতে সহায়ক হবে এবং এর মাধ্যমে সরকারি সম্পদের লাভজনক ব্যবহার নিশ্চিত হবে।



মোঃ রইছউল আলম মন্ডল

সচিব

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা
শিরোনাম ও প্রবর্তন	১
সংজ্ঞার্থ	১
নীতিমালার উদ্দেশ্য	৩
নীতিমালার পরিধি	৪
নীতিমালার আইনগত ভিত্তি	৪
সরকারি খামার ব্যবস্থাপনাসংক্রান্ত কেন্দ্রীয় কারিগরি কমিটি	৪
সরকারি খামার ব্যবস্থাপনাসংক্রান্ত বিভাগীয় কারিগরি কমিটি	৫
উপপরিচালক, বিভাগীয় মৎস্য অধিদপ্তর-এর দায়িত্ব	৬
উপপরিচালক (মৎস্যচাষ)-এর দায়িত্ব	৭
খামার ব্যবস্থাপকের দায়িত্ব	৭
বাঁওড় ব্যবস্থাপনা সমন্বয় কমিটি	৮
বাঁওড় ব্যবস্থাপনা জেলা সমন্বয় কমিটি	৯
স্থানীয় বাঁওড় ব্যবস্থাপনা কমিটি	৯
প্রকল্প পরিচালক, বাঁওড় মৎস্য উন্নয়ন প্রকল্প (রাজস্ব))-এর দায়িত্ব	১০
বাঁওড় ব্যবস্থাপকের দায়িত্ব	১১
রেণু, পোনা, মৎস্য, প্রজননক্ষম মৎস্য, চিংড়ির পি.এল. ও জুভেনাইল উৎপাদন ও বিক্রির তথ্য সংরক্ষণ	১১
রেণু, পোনা, মৎস্য, প্রজননক্ষম মৎস্য, চিংড়ির পি.এল. ও জুভেনাইল বিক্রির ক্ষেত্রে বিধিনিষেধ	১১
রেণু, পোনা, মৎস্য, প্রজননক্ষম মৎস্য, চিংড়ির পি.এল. ও জুভেনাইল ক্রয়ের ক্ষেত্রে বিধিনিষেধ	১২
সাধারণ অনুসরণীয় নির্দেশনা	১২
রহিতকরণ ও হেফাজত	১৩

‘সরকারি মৎস্যবীজ উৎপাদন খামার ও বাঁওড়ে মৎস্যবীজ ও মৎস্য উৎপাদন, বিপণন এবং ব্যবস্থাপনা নীতিমালা, ২০১৯’

বাংলাদেশ পৃথিবীর অন্যতম জলজ সম্পদ সমৃদ্ধ দেশ। ষাটের দশকে প্রাকৃতিক উৎস হইতে শতকরা প্রায় ৯০ ভাগ মৎস্য পাওয়া যাইত। তখন মৎস্যচাষের প্রতি মানুষ যথেষ্ট যত্নবান ছিল না। এমনকি ১৯৮৪-৮৫ খ্রিষ্টাব্দেও আহরণ হইতে প্রায় ৮৪% এবং মৎস্যচাষ হইতে কেবল ১৬% মৎস্য পাওয়া যাইত। জলবায়ু পরিবর্তন, প্রাকৃতিক অবক্ষয়, মুক্ত জলাশয় হইতে নির্বিচারে ছোটো মৎস্য ও প্রজননক্ষম (Brood) মৎস্য আহরণ, প্রজননক্ষেত্র বিনষ্ট হওয়া ইত্যাদি কারণে প্রাকৃতিক জলাশয়ে মৎস্যের প্রাপ্যতা হ্রাস পাইতে থাকে। এই অবস্থা হইতে উত্তরণে সরকারের যুগোপযোগী কর্মসূচি ও জনগণের অংশগ্রহণে এই সম্পদের সুষ্ঠু সংরক্ষণের জন্য সচেতনতা বৃদ্ধি পায়, আরম্ভ হয় মৎস্যসম্পদের যথাযথ ব্যবস্থাপনা এবং বদ্ধ জলাশয়ে মৎস্যের উৎপাদন বৃদ্ধির নানা কৌশল। আশির দশকে রুইজাতীয় মৎস্যের প্রণোদিত প্রজননের মাধ্যমে পোনা উৎপাদনের নিমিত্ত দেশে সরকারি পর্যায়ে মৎস্যবীজ উৎপাদন খামার, হ্যাচারি ও নার্সারি গড়িয়া ওঠে। সরকারি অর্থ ব্যয়ে সরকারি মৎস্যবীজ উৎপাদন খামারে গুণগত মানসম্পন্ন রেণু, পোনা, চিংড়ির পি.এল.ও জুভেনাইল এবং মৎস্য উৎপাদন কার্যক্রম আরম্ভ হয়। চাষের মাধ্যমে মৎস্যের উৎপাদন বৃদ্ধির জন্য উৎপাদিত এইসকল রেণু, পোনা, চিংড়ির পি.এল. ও জুভেনাইল মৎস্যচাষীদের নিকট সুলভ মূল্যে বিক্রি করা হয় এবং প্রাপ্ত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়। একইভাবে মৎস্য অধিদপ্তরে ন্যস্ত বাঁওড়সমূহে পোনা উৎপাদন করিয়া মজুতপূর্বক উৎপাদিত মৎস্য বিক্রয়লব্ধ অর্থ সরকারি খাতে জমা প্রদান করা হয়। সরকারি মৎস্যবীজ উৎপাদন খামার, মৎস্যপ্রজনন কেন্দ্র (Hatchery), নার্সারিতে একক প্রতি উৎপাদন ব্যয় ও উৎপাদিত রেণু, পোনা মৎস্য, চিংড়ির পি.এল., জুভেনাইল ও মৎস্য বিক্রির জন্য মূল্যহার নির্ধারণ-সম্পর্কিত কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে শৃঙ্খলা আনয়নের লক্ষ্যে সরকারি মৎস্যবীজ উৎপাদন খামার ও বাঁওড়ে মৎস্যবীজ ও মৎস্য-উৎপাদন এবং বিপণন নীতিমালা, ২০১৯ প্রণয়ন প্রয়োজন।

১.০ শিরোনাম ও প্রবর্তন :

১.১. এই নীতিমালা ‘সরকারি মৎস্যবীজ উৎপাদন খামার ও বাঁওড়ে মৎস্যবীজ ও মৎস্য-উৎপাদন, বিপণন এবং ব্যবস্থাপনা নীতিমালা, ২০১৯’ নামে অভিহিত হইবে।

১.২. এই নীতিমালা অবিলম্বে কার্যকর হইবে।

২.০ সংজ্ঞার্থ : বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই নীতিমালায়—

২.১ ‘রেণু’ (Spawn or Hatchling) অর্থ ডিম হইতে প্রস্ফুটনের পর খাদ্য গ্রহণ আরম্ভ করিবার পরবর্তী ৩ (তিন) হইতে ৫ (পাঁচ) দিন পর্যন্ত বয়সের মৎস্যের পোনা, যাহা ‘রেণু পোনা’ নামেও অভিহিত হইবে;

- ২.২ ‘পোনা’ অর্থ দেশীয় প্রজাতির ছোটো মৎস্য ব্যতিরেকে অন্যান্য মৎস্যের রেণুর পরবর্তী অবস্থা হইতে ১২ সেন্টিমিটার পর্যন্ত ছোটো মৎস্য;
- ২.৩ ‘মৎস্য’ (Fish) অর্থ সকল প্রকার কোমল অস্থি এবং কঠিন অস্থিবিশিষ্ট মৎস্য (Cartilaginous and Bony fishes), স্বাদু ও লবণাক্ত পানির চিংড়ি (Prawn and Shrimp), উভচর জলজ প্রাণী, কচ্ছপ ও কাঁকড়া জাতীয় (Crustacean) শামুক বা বিনুক জাতীয় (Mollusc) জলজ প্রাণী, একাইনোডার্মস জাতীয় সামুদ্রিক প্রাণী, ব্যাঙ (Frogs) এবং ঐসকল প্রাণীর জীবচক্রের যে-কোনো ধাপ এবং সরকার কর্তৃক প্রয়োজনবোধে সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা ঘোষিত অন্য কোনো জলজ প্রাণী;
- ২.৪ ‘পি.এল.’ (Post Larvae) অর্থ চিংড়ির লার্ভি অবস্থা অতিক্রান্ত হইবার পর হইতে ১৫ (পনেরো) দিন পর্যন্ত বয়সের চিংড়ি পোনা;
- ২.৫ ‘মৎস্যপ্রজনন কেন্দ্র’ (Hatchery) অর্থ প্রণোদিত বা কৃত্রিম পদ্ধতিতে (Induced or Artificial Breeding) মৎস্য রেণু উৎপাদনে ব্যবহৃত অবকাঠামো;
- ২.৬ ‘বাহারি’ মৎস্য অর্থ শৌখিন সৌন্দর্যবর্ধক মৎস্য যাহা মূলত অ্যাকুয়ারিয়ামে শখ করিয়া লালন-পালন বা চাষ করা হয়;
- ২.৭ ‘নার্সারি’ (Nursery) অর্থ যেখানে ৪/৫ দিন বয়সের মৎস্যের রেণু পরিচর্যা করিয়া বড় মৎস্যচাষের উদ্দেশ্যে উপযুক্ত আকারের পোনা (১৪-১৫ সেমি), ধানি বা তাহার চাইতে ছোটো পোনা প্রতিপালন করা হয়;
- ২.৮ ‘ফার্ম বা খামার’ অর্থ মৎস্য ‘মৎস্যপ্রজনন কেন্দ্র (Hatchery), নার্সারি, প্রজনন খামার এবং মৎস্য উৎপাদনে নিয়োজিত বাণিজ্যিক খামার;
- ২.৯ ‘প্রজননক্ষম মৎস্য’ (Brood fish) অর্থ প্রজননের জন্য উপযুক্ত স্ত্রী ও পুরুষ মৎস্য;
- ২.১০ ‘মহাপরিচালক’ অর্থ মৎস্য অধিদপ্তরের মহাপরিচালক;
- ২.১১ ‘কেন্দ্রীয় কারিগরি কমিটি’ অর্থ এই নীতিমালার ৬ অনুচ্ছেদে বর্ণিত কমিটি;
- ২.১২ ‘বিভাগীয় কারিগরি কমিটি’ অর্থ এই নীতিমালার ৭ অনুচ্ছেদে বর্ণিত কমিটি;
- ২.১৩ ‘বাঁওড় ব্যবস্থাপনা সমন্বয় কমিটি’ অর্থ এই নীতিমালার ১১ অনুচ্ছেদে বর্ণিত কমিটি;
- ২.১৪ ‘বাঁওড় ব্যবস্থাপনা জেলা সমন্বয় কমিটি’ অর্থ এই নীতিমালার ১২ অনুচ্ছেদে বর্ণিত কমিটি;
- ২.১৫ ‘স্থানীয় বাঁওড় ব্যবস্থাপনা কমিটি’ অর্থ এই নীতিমালার ১৩ অনুচ্ছেদে বর্ণিত কমিটি;

- ২.১৬ ‘নির্ধারিতমূল্য’ অর্থ এই নীতিমালার কেন্দ্রীয় কারিগরি কমিটি কর্তৃক অনুমোদিত এবং মহাপরিচালক কর্তৃক চূড়ান্তভাবে অনুমোদিত একক বিক্রয়মূল্য;
- ২.১৭ ‘জুভেনাইল’ অর্থ পি. এল. পরবর্তী সময় হইতে চাষের উদ্দেশ্যে পুকুর/ঘেঁরে মজুতযোগ্য কিশোর চিংড়ি;
- ২.১৮ ‘উৎপাদন কর্মপরিকল্পনা’ অর্থ এক উৎপাদন-বৎসরে নির্দিষ্ট লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত আয়-ব্যয়সংবলিত কর্মপরিকল্পনা;
- ২.১৯ ‘বাঁওড়’ অর্থ প্রাকৃতিক বা অন্য কারণে নদী মৃত হইয়া ইহার গভীর অংশে সৃষ্ট জলাধার কিংবা নদীর গতিপথ পরিবর্তনের ফলে ইহার পরিত্যক্ত অংশে সৃষ্ট জলাধার; এইখানে ‘বাঁওড়’ বলিতে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং ভূমি মন্ত্রণালয়ের সমঝোতাস্মারক-অনুযায়ী হস্তান্তরিত বাঁওড়সমূহকে বুঝাইবে।

৩.০ নীতিমালার উদ্দেশ্য :

- ৩.১ দেশে মৎস্য সম্পদের কাজক্ষিত টেকসই উন্নয়ন নিশ্চিত করিবার লক্ষ্যে সরকারি মৎস্যবীজ উৎপাদন খামার ব্যবস্থাপনা এবং গুণগত মানসম্পন্ন রেণু, পোনা, চিংড়ির পি.এল. ও জুভেনাইল, প্রজননক্ষম মৎস্য উৎপাদন;
- ৩.২ সরকারি খামারে বিপণনযোগ্য রেণু, পোনা, চিংড়ির পি.এল. ও জুভেনাইল, প্রজননক্ষম মৎস্য এর উৎপাদনের পরিমাণ এবং বিক্রয়মূল্য নির্ধারণ;
- ৩.৩ উৎপাদিত রেণু, পোনা, প্রজননক্ষম মৎস্য চিংড়ির পি.এল ও জুভেনাইল মৎস্যচাষি, নার্সারি মালিক ও সরকারি-বেসরকারি খামারে নির্ধারিতমূল্যে সরবরাহ নিশ্চিতকরণ;
- ৩.৪ খামারে দেশীয় প্রজাতির মৎস্যসহ অন্যান্য মৎস্য ও চিংড়ির গুণগতমানসম্পন্ন রেণু, পোনা, প্রজননক্ষম মৎস্য ও মৎস্য, চিংড়ির পি.এল. ও জুভেনাইল উৎপাদন প্রযুক্তিবিষয়ক প্রশিক্ষণ ও মৎস্যচাষ সম্প্রসারণ;
- ৩.৫ দেশীয় প্রজাতির ছোটো মৎস্যসহ দেশি-বিদেশি কার্প জাতীয় ও অন্যান্য মৎস্যের নূতন উদ্ভাবিত প্রযুক্তি-এর প্রদর্শনী স্থাপনপূর্বক ইহার চাষ ও ব্যবস্থাপনা চাষিদের মধ্যে সম্প্রসারণ;
- ৩.৬ বাঁওড় এলাকার জনগোষ্ঠীর অংশগ্রহণ ও বাঁওড়ের সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে মৎস্য উৎপাদন, ব্যবস্থাপনা ও বিপণন; এবং
- ৩.৭ বাঁওড়ে সমাজভিত্তিক মৎস্যচাষ ব্যবস্থাপনা কৌশল বা প্রযুক্তি সম্প্রসারণ।

৪.০ নীতিমালার পরিধি :

৪.১ সরকারি সকল মৎস্যবীজ উৎপাদন খামার এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং ভূমি মন্ত্রণালয়ের সমঝোতাস্মারক-অনুযায়ী মৎস্য অধিদপ্তরে হস্তান্তরিত বাঁওড়সমূহ; এবং

৪.২ সরকারি সকল মৎস্যবীজ উৎপাদন খামারে রেণু, পোনা, মৎস্য, প্রজননক্ষম মৎস্য, চিংড়ির পি.এল. ও জুভেনাইল এবং বাঁওড়ে পোনা ও মৎস্য উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ, উৎপাদন ব্যবস্থাপনা এবং বিক্রয়মূল্য নির্ধারণ।

৫.০ নীতিমালার আইনগত ভিত্তি :

- (ক) জাতীয় মৎস্য নীতি, ১৯৯৮;
- (খ) মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০;
- (গ) মৎস্যখাদ্য বিধিমালা, ২০১১;
- (ঘ) মৎস্য হ্যাচারি আইন, ২০১০;
- (ঙ) মৎস্য হ্যাচারি বিধিমালা, ২০১১; এবং
- (চ) জাতীয় চিংড়ি নীতিমালা, ২০১৪।

৬.০ সরকারি খামার ব্যবস্থাপনাসংক্রান্ত কেন্দ্রীয় কারিগরি কমিটি :

এই নীতিমালার উদ্দেশ্য পূরণকল্পে, নিম্নরূপ সদস্য সমন্বয়ে একটি কেন্দ্রীয় কারিগরি কমিটি থাকিবে—

কারিগরি কমিটি :

ক্র. নং	কর্মকর্তার পদবি	কমিটিতে পদবি
১	পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য), মৎস্য অধিদপ্তর	সভাপতি
২	উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা), মৎস্য অধিদপ্তর	সদস্য
৩	বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ-এর একজন প্রতিনিধি	সদস্য
৪	সহকারী পরিচালক (মৎস্যচাষ), মৎস্য অধিদপ্তর	সদস্য
৫	একজন অভিজ্ঞ খামার ব্যবস্থাপক (মহাপরিচালক কর্তৃক মনোনীত)	সদস্য
৬	মৎস্য বা চিংড়ি হ্যাচারি অ্যাসোসিয়েশনের একজন প্রতিনিধি (মহাপরিচালক কর্তৃক মনোনীত)	সদস্য
৭	উপপরিচালক (মৎস্যচাষ), মৎস্য অধিদপ্তর	সদস্য-সচিব

কমিটির কার্যপরিধি :

- (ক) সরকারি মৎস্যবীজ উৎপাদন খামারে উৎপাদনশীলতার ভিত্তিতে রেণু, পোনা, মৎস্য, প্রজননক্ষম মৎস্য, চিংড়ির পি.এল. ও জুভেনাইল ইত্যাদির বার্ষিক উৎপাদনের পরিমাণ নির্ধারণ করা;
- (খ) ‘ক’-এ বর্ণিত বার্ষিক উৎপাদনের পরিমাণ নির্ধারণকালে খামারের আয়তন, খামারের পুকুরের সংখ্যা ও আয়তন, ব্যবহার উপযোগিতা, অবস্থান এবং পারিপার্শ্বিক পরিবেশ ও আর্থিক অবস্থা বিবেচনা করা;
- (গ) উৎপাদিত রেণু, পোনা, মৎস্য, প্রজননক্ষম মৎস্য, চিংড়ির পি.এল. ও জুভেনাইল-এর একক উৎপাদন ব্যয় ও বিক্রয়মূল্য নির্ধারণ করা;
- (ঘ) উৎপাদিত রেণু, পোনা, মৎস্য, প্রজননক্ষম মৎস্য, চিংড়ির পি.এল. ও জুভেনাইল-এর গুণগত মান বিষয়ে কোনো প্রশ্ন উত্থাপিত হইলে বা অভিযোগ পাওয়া গেলে সেই বিষয়ে অনুসন্ধান, ব্যবস্থা গ্রহণে পরামর্শ প্রদান এবং প্রয়োজনে মহাপরিচালক বরাবর প্রতিবেদন প্রদান করা;
- (ঙ) বাঁওড়ে উৎপাদনশীলতার ভিত্তিতে বার্ষিক উৎপাদন পরিকল্পনা ও প্রতিহেষ্টিয়ে বার্ষিক মৎস্য উৎপাদনের পরিমাণ এবং প্রতি একক (কেজিপ্রতি মৎস্যের) বিক্রয়মূল্য নির্ধারণ করা; এবং
- (চ) পুনঃবিবেচনার জন্য বিভাগীয় কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে রেণু, পোনা, প্রজননক্ষম মৎস্য, মৎস্য, চিংড়ির পি.এল. ও জুভেনাইল-এর একক উৎপাদন ব্যয় ও বিক্রয়মূল্য পুনঃনির্ধারণ করা।

৭.০ সরকারি খামার ব্যবস্থাপনা সংক্রান্ত বিভাগীয় কারিগরি কমিটি :

প্রতি প্রশাসনিক বিভাগে নিম্নরূপ সদস্য সমন্বয়ে বিভাগীয় কারিগরি কমিটি থাকিবে—

বিভাগীয় কারিগরি কমিটি :

ক্র. নং	কর্মকর্তার পদবি	কমিটিতে পদবি
১	উপপরিচালক, মৎস্য অধিদপ্তর (সংশ্লিষ্ট বিভাগ)	সভাপতি
২	উপপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর (সংশ্লিষ্ট বিভাগ)-এর প্রতিনিধি	সদস্য
৩	জেলা মৎস্য কর্মকর্তা (সংশ্লিষ্ট বিভাগের সকল)	সদস্য
৪	সংশ্লিষ্ট বিভাগের সকল খামার ব্যবস্থাপক/উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা/প্রকল্প মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা	সদস্য
৫	সিনিয়র সহকারী পরিচালক/সহকারী পরিচালক (সংশ্লিষ্ট বিভাগ)	সদস্য-সচিব

কমিটির কার্যপরিধি :

- (ক) সংশ্লিষ্ট বিভাগের অধীন সরকারি মৎস্যখামারের ব্যবস্থাপকের নিকট হইতে প্রাপ্ত বার্ষিক উৎপাদন পরিকল্পনা পর্যালোচনা এবং নির্দিষ্ট ছকে সুপারিশসহ প্রতিবৎসর মার্চ মাসের মধ্যে কেন্দ্রীয় কারিগরি কমিটি বরাবর প্রেরণ করা;
- (খ) 'ক'-এ বর্ণিত বার্ষিক উৎপাদন পরিকল্পনা ত্রুটিযুক্ত হইলে প্রয়োজনীয় পরামর্শসহ উৎপাদন পরিকল্পনা পুনঃপ্রণয়নপূর্বক প্রেরণের জন্য খামার ব্যবস্থাপককে অনুরোধ করা;
- (গ) রেণু, পোনা, প্রজননক্ষম মৎস্য, চিংড়ির পি.এল. ও জুভেনাইল ইত্যাদির পরিমাণ, উৎপাদন ব্যয় ও বিক্রয়মূল্য সুপারিশকালে খামার ব্যবস্থাপক কর্তৃক প্রস্তুতকৃত বার্ষিক উৎপাদন কর্মপরিকল্পনা খামারের অবকাঠামোগত সুযোগ-সুবিধা, জলাশয়ের উৎপাদনশীলতা ও স্থানীয় চাহিদা বিবেচনা করা;
- (ঘ) বিভাগের অধীন খামার পরিদর্শন ও উৎপাদন কার্যক্রম পরিবীক্ষণ, মূল্যায়ন এবং পরামর্শ প্রদান করা;
- (ঙ) প্রতিবৎসর ফেব্রুয়ারি মাসের মধ্যে পরবর্তী অর্থবৎসরের জন্য খামারে উৎপাদিত রেণু, পোনা, প্রজননক্ষম মৎস্য, মৎস্য, চিংড়ির পি.এল. ও জুভেনাইল-এর একক উৎপাদন ব্যয় এবং বিক্রয়মূল্যের উপর প্রস্তাবনা পর্যালোচনা এবং সুপারিশসহ নির্দিষ্ট নির্ধারিত ছকে কেন্দ্রীয় কারিগরি কমিটি বরাবরে প্রেরণের জন্য সুপারিশ করা;
- (চ) খামার ব্যবস্থাপকের প্রস্তাবিত একক উৎপাদন ব্যয় এবং বিক্রয়মূল্য যৌক্তিকতাসহ প্রয়োজনে অল্প বা অধিক করিয়া সুপারিশ করা; এবং
- (ছ) উৎপাদিত রেণু, পোনা, প্রজননক্ষম মৎস্য, মৎস্য, চিংড়ির পি.এল. ও জুভেনাইল অগ্রাধিকার ভিত্তিতে সরকারি সহায়তামূলক কর্মসূচি বাস্তবায়ন এবং দুর্যোগজনিত পুনর্বাসন কার্যে মজুত বিবেচনাপূর্বক দরিদ্র মৎস্যচাষি এবং উদ্যোক্তা মৎস্যচাষিদের নির্ধারিত মূল্যে সরবরাহ কার্যক্রম পর্যালোচনা করা ও পরামর্শ প্রদান করা।

৮.০ উপপরিচালক, বিভাগীয় মৎস্য অধিদপ্তর-এর দায়িত্ব :

- ৮.১ বিভাগীয় কারিগরি কমিটির সভা আহ্বান এবং প্রয়োজনীয় তথ্য ও উপাত্ত সংগ্রহ করা;
- ৮.২ বিভাগীয় কারিগরি কমিটির সুপারিশকৃত উৎপাদন পরিকল্পনা এবং উৎপাদন ব্যয় ও বিক্রয়মূল্য-সংক্রান্ত সুপারিশ কেন্দ্রীয় কমিটির নিকট প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা; এবং
- ৮.৩ কেন্দ্রীয় কারিগরি কমিটি কর্তৃক অনুমোদিত উৎপাদন পরিকল্পনা, খামার ব্যবস্থাপনা এবং সরবরাহ কার্যক্রম পর্যবেক্ষণ এবং প্রয়োজনে খামার ব্যবস্থাপককে পরামর্শ প্রদান।

৯.০ উপপরিচালক (মৎস্যচাষ)-এর দায়িত্ব :

- ৯.১ প্রাপ্ত বিভাগীয় কারিগরি কমিটির এবং প্রকল্প পরিচালক, বাঁওড় মৎস্য-উন্নয়ন প্রকল্প (রাজস্ব) সুপারিশকৃত উৎপাদন পরিকল্পনা এবং উৎপাদন ব্যয় ও বিক্রয়মূল্যসংক্রান্ত সুপারিশ কেন্দ্রীয় কমিটির সিদ্ধান্তের জন্য কমিটির সভায় উপস্থাপন;
- ৯.২ সভায় অনুমোদিত উৎপাদন পরিকল্পনা এবং উৎপাদন ব্যয় ও বিক্রয়মূল্যসংক্রান্ত চূড়ান্ত অনুমোদনের জন্য মহাপরিচালকের বরাবরে উপস্থাপনের ব্যবস্থা গ্রহণপূর্বক তাহা সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা;
- ৯.৩ খামার ও বাঁওড়ে উৎপাদন ও বিক্রয়সংক্রান্ত তথ্যাদি যথাযথভাবে সংগ্রহ, মূল্যায়ন ও সংরক্ষণ করা; এবং
- ৯.৪ বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন ছক ও সাধারণ অনুসরণীয় বিষয়ে মহাপরিচালকের অনুমোদন গ্রহণপূর্বক সকল খামার ব্যবস্থাপক এবং প্রকল্প পরিচালক, বাঁওড় মৎস্য-উন্নয়ন প্রকল্প (রাজস্ব) বরাবর প্রেরণ করা।

১০.০ খামার ব্যবস্থাপকের দায়িত্ব :

- ১০.১. প্রতিবৎসর ফেব্রুয়ারি মাসের মধ্যে পরবর্তী অর্থবছরের উৎপাদন পরিকল্পনা প্রস্তুত এবং বিভাগীয় কমিটি বরাবর প্রেরণ করা;
- ১০.২ প্রতিবৎসর ফেব্রুয়ারি মাসের মধ্যে পরবর্তী অর্থবছরের জন্য খামারে উৎপাদিত রেণু, পোনা, প্রজননক্ষম মৎস্য, মৎস্য, চিংড়ির পি.এল. ও জুভেনাইল-এর একক উৎপাদন ব্যয় এবং বিক্রয়মূল্যের উপর প্রস্তাবনা উপপরিচালক বরাবর প্রেরণ করা;
- ১০.৩ একক উৎপাদন নির্ধারণকালে স্থানীয় বাজার হইতে বিগত তিন বৎসরের উৎপাদন উপকরণের সরবরাহ ও বিক্রয়মূল্য বিবেচনাপূর্বক প্রস্তাবিত একক উৎপাদন ব্যয় নির্ণয় করা;
- ১০.৪ উৎপাদিত রেণু, পোনা, প্রজননক্ষম মৎস্য, মৎস্য, চিংড়ির পি.এল. ও জুভেনাইল অগ্রাধিকার ভিত্তিতে সরকারি সহায়তামূলক কর্মসূচি বাস্তবায়নে সরকারি দপ্তরকে এবং দুর্যোগজনিত পুনর্বাসন কার্যে মজুত বিবেচনাপূর্বক দরিদ্র মৎস্যচাষি এবং উদ্যোক্তা মৎস্যচাষিদের নির্ধারিত মূল্যে সরবরাহ করা;
- ১০.৫ চূড়ান্ত অনুমোদিত বার্ষিক পরিকল্পনা বাস্তবায়ন করা;

১০.৬ মজুত ও বাজারমূল্য বিবেচনা করিয়া কারণ উল্লেখপূর্বক বার্ষিক উৎপাদনের পরিমাণ ও বিক্রয়মূল্য পুনঃনির্ধারণের প্রস্তাবনা বিভাগীয় কমিটি বরাবর প্রেরণ; এবং

১০.৭ খামারে মৎস্যের স্থানীয় প্রজাতি সংরক্ষণ, উত্তম মৎস্যচাষ ব্যবস্থা অনুসরণ এবং খামারকে আর্থিকভাবে লাভজনক করা।

১১.০ বাঁওড় ব্যবস্থাপনা সমন্বয় কমিটি :

এই নীতিমালার উদ্দেশ্য পূরণকল্পে, বাঁওড় ব্যবস্থাপনার জন্য নিম্নরূপ সদস্য সমন্বয়ে একটি বাঁওড় ব্যবস্থাপনা সমন্বয় কমিটি থাকিবে—

বাঁওড় ব্যবস্থাপনা সমন্বয় কমিটি :

ক্র. নং	কর্মকর্তার পদবি	কমিটিতে পদবি
১	প্রকল্প পরিচালক, বাঁওড় মৎস্য-উন্নয়ন প্রকল্প (রাজস্ব))	সভাপতি
২	সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তা	সদস্য
৩	সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার বা তাঁহার প্রতিনিধি	সদস্য
৪	সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা	সদস্য
৫	একজন জ্যেষ্ঠ বাঁওড় ব্যবস্থাপক (প্রকল্প পরিচালক কর্তৃক মনোনীত)	সদস্য-সচিব

কমিটির কার্যপরিধি :

- বাঁওড় ব্যবস্থাপক কর্তৃক প্রস্তুতকৃত বার্ষিক উৎপাদন কর্মপরিকল্পনা, প্রস্তাবিত একক উৎপাদন ব্যয় ও মৎস্যের বিক্রয়মূল্য পর্যালোচনা এবং নির্দিষ্ট ছকে সুপারিশসহ মার্চ মাসের মধ্যে কেন্দ্রীয় কারিগরি কমিটি বরাবর প্রেরণ;
- ‘ক’-তে বর্ণিত বার্ষিক উৎপাদন পরিকল্পনা ত্রুটিযুক্ত হইলে প্রয়োজনীয় পরামর্শসহ উৎপাদন পরিকল্পনা পুনঃপ্রণয়নপূর্বক প্রেরণের জন্য বাঁওড় ব্যবস্থাপককে অনুরোধ করা;
- প্রকল্পভুক্ত বাঁওড় পরিদর্শন ও উৎপাদন কার্যক্রম পরিবীক্ষণ, মূল্যায়ন এবং পরামর্শ প্রদান করা; এবং
- বাঁওড় ব্যবস্থাপকের প্রস্তাবিত একক উৎপাদন ব্যয় এবং বিক্রয়মূল্য যৌক্তিকতাসহ প্রয়োজনে কম বা অধিক করিয়া সুপারিশ করা।

১২.০ বাঁওড় ব্যবস্থাপনা জেলা সমন্বয় কমিটি :

মৎস্য অধিদপ্তরে হস্তান্তরিত বাঁওড়-এর রাজস্ব আদায় কার্যক্রম সমন্বয়, সামাজিক ও আইনশৃঙ্খলা-সম্পর্কিত বিষয়সহ অন্যান্য বিষয়ে পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলায় বাঁওড় ব্যবস্থাপনা জেলা সমন্বয় কমিটি থাকিবে।

বাঁওড় ব্যবস্থাপনা জেলা সমন্বয় কমিটি :

ক্র. নং	কর্মকর্তার পদবি	কমিটিতে পদবি
১	সংশ্লিষ্ট জেলা প্রশাসক	সভাপতি
২	সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার	সদস্য
৩	সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা	সদস্য
৪	জেলার অধীন বাঁওড় ব্যবস্থাপক (সকল)	সদস্য
৫	সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তা	সদস্য-সচিব

কমিটির কার্যপরিধি :

- (ক) সমঝোতাস্মারক-অনুযায়ী বাঁওড়ের রাজস্ব আদায় কার্যক্রম সমন্বয় সাধন করা;
- (খ) বাঁওড়সংশ্লিষ্ট সামাজিক, আইনশৃঙ্খলা, বাঁওড়ে খাস/সরকারি ভূমি সংরক্ষণ ইত্যাদি বিষয়ে উদ্ভূত সমস্যা সমাধানে পদক্ষেপ গ্রহণ করা;
- (গ) বাঁওড়ের উন্নয়ন কার্যক্রমে পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নে সহায়তা করা; এবং
- (ঘ) কমিটি কর্তৃক প্রতি তিন মাস অন্তর সভা (প্রয়োজনে বিশেষ সভা) আয়োজন করা।

১৩.০ স্থানীয় বাঁওড় ব্যবস্থাপনা কমিটি :

মৎস্য অধিদপ্তরে হস্তান্তরিত বাঁওড়-এ প্রকৃত মৎস্যজীবীদের অংশগ্রহণ নিশ্চিত করিয়া তাঁহাদের আর্থ-সামাজিক উন্নয়ন ও উৎপাদন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য একটি স্থানীয় বাঁওড় ব্যবস্থাপনা কমিটি থাকিবে।

স্থানীয় বাঁওড় ব্যবস্থাপনা কমিটি :

ক্র. নং	কর্মকর্তার পদবি	কমিটিতে পদবি
১	সংশ্লিষ্ট বাঁওড় ব্যবস্থাপক	সভাপতি
২	প্রকল্প পরিচালক, বাঁওড় মৎস্য-উন্নয়ন প্রকল্প-এর প্রতিনিধি	সদস্য

ক্র. নং	কর্মকর্তার পদবি	কমিটিতে পদবি
৩	সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার-এর প্রতিনিধি	সদস্য
৪	সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা বা তাঁহার প্রতিনিধি	সদস্য
৫	সংশ্লিষ্ট বাঁওড়ের সুফলভোগী কমিটির সভাপতি	সদস্য
৬	সংশ্লিষ্ট বাঁওড়ের মৎস্য আহরণকারী দলের দলনেতা (সকল)	সদস্য
৭	সংশ্লিষ্ট সহকারী হ্যাচারি কর্মকর্তা/ক্ষেত্র সহকারী	সদস্য-সচিব

কমিটির কার্যপরিধি :

- (ক) প্রাথমিকভাবে সুফলভোগী কমিটি কর্তৃক অনুমোদিত জেলেদের তালিকা যাচাই-বাছাইপূর্বক ও সময়ে সময়ে হালনাগাদপূর্বক চূড়ান্ত অনুমোদনের জন্য বাঁওড় ব্যবস্থাপনা সমন্বয় কমিটিতে প্রেরণ করা;
- (খ) চাষকালীন পরিবেশ রক্ষা, প্রাকৃতিক বিপর্যয় ও উদ্ভূত অন্যান্য সমস্যা মোকাবিলা করা;
- (গ) দেশীয় প্রজাতির মৎস্যের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মৎস্য অভয়াশ্রম স্থাপন ও ব্যবস্থাপনা;
- (ঘ) বাঁওড় পরিচালনায় সুফলভোগী কমিটির নিয়মিত সভাসহ সাধারণ সভা অনুষ্ঠান নিশ্চিত করা; এবং
- (ঙ) বাঁওড়ে মৎস্যের পোনা মজুত, মৎস্য আহরণ ও বিক্রয়সহ ব্যবস্থাপনা কার্যক্রমে সহযোগিতা করা।

১৪.০ প্রকল্প পরিচালক, বাঁওড় মৎস্য উন্নয়ন প্রকল্প (রাজস্ব))-এর দায়িত্ব :

- ১৪.১ বাঁওড় ব্যবস্থাপনা কমিটির সভা আহ্বান এবং প্রয়োজনীয় তথ্য ও উপাত্ত সংগ্রহ করা;
- ১৪.২ কমিটির সুপারিশকৃত উৎপাদন পরিকল্পনা এবং উৎপাদন ব্যয় ও বিক্রয়মূল্যসংক্রান্ত সুপারিশ কেন্দ্রীয় কমিটির নিকট প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা;
- ১৪.৩ চূড়ান্ত অনুমোদিত উৎপাদন, বার্ষিক উৎপাদন পরিকল্পনা এবং বিক্রয়মূল্য বাঁওড় ব্যবস্থাপকের নিকট প্রেরণ করা;
- ১৪.৪ এই নীতিমালার আওতায় কেন্দ্রীয় কমিটি বা মহাপরিচালক কর্তৃক নির্দেশিত অন্যান্য দায়িত্ব পালন করা; এবং
- ১৪.৫ বাঁওড়ের সুফলভোগী কমিটির চূড়ান্ত অনুমোদন প্রদানের ব্যবস্থা গ্রহণ করা।

১৫.০ বাঁওড় ব্যবস্থাপকের দায়িত্ব :

- (ক) প্রতিবৎসর ফেব্রুয়ারি মাসের মধ্যে পরবর্তী অর্থবৎসরের উৎপাদন পরিকল্পনা প্রস্তুত এবং বাঁওড় ব্যবস্থাপনা সমন্বয় কমিটি বরাবর প্রেরণ করা;
- (খ) উৎপাদন পরিকল্পনা প্রস্তুত, একক উৎপাদন ব্যয় ও আয় নির্ধারণকালে স্থানীয় বাজার হইতে বিগত তিন বৎসরের উৎপাদন উপকরণের সরবরাহ ও বিক্রয়মূল্য বিবেচনাপূর্বক প্রস্তাবিত একক উৎপাদন ব্যয় ও আয় নির্ণয় করা;
- (গ) চূড়ান্ত অনুমোদিত বার্ষিক উৎপাদন পরিকল্পনা বাস্তবায়ন করা; এবং
- (ঘ) বাঁওড়ে মৎস্যের স্থানীয় প্রজাতি সংরক্ষণ, জীববৈচিত্র্য সংরক্ষণ, উত্তম মৎস্যচাষ ব্যবস্থা অনুসরণ এবং বাঁওড়কে আর্থিকভাবে লাভজনক করা।

১৬.০ রেণু, পোনা, মৎস্য, প্রজননক্ষম মৎস্য, চিংড়ির পি.এল. ও জুভেনাইল উৎপাদন ও বিক্রির তথ্য সংরক্ষণ :

- ১৬.১ সংশ্লিষ্ট খামার/বাঁওড় ব্যবস্থাপক প্রযোজ্য বিবেচনায় রেণু, পোনা, মৎস্য, প্রজননক্ষম মৎস্য, পি.এল. ও জুভেনাইল উৎপাদন, ক্রয় ও বিক্রয়ের তথ্য নির্দিষ্ট ছকে সংরক্ষণ করিবেন;
- ১৬.২ খামারের ক্ষেত্রে খামার ব্যবস্থাপক কর্তৃক প্রস্তুতকৃত প্রতিবেদন জেলা মৎস্য কর্মকর্তা ও বিভাগীয় উপপরিচালক-এর মাধ্যমে একীভূত করিয়া মৎস্য অধিদপ্তরের সদর দপ্তরে প্রেরণ করিতে হইবে;
- ১৬.৩ বাঁওড়ের ক্ষেত্রে বাঁওড় ব্যবস্থাপক কর্তৃক প্রেরিত প্রতিবেদন প্রকল্প পরিচালক একীভূত করিয়া মৎস্য অধিদপ্তরের প্রধান কার্যালয়ে প্রেরণ করিবেন; এবং
- ১৬.৪ বাঁওড়/খামারের উৎপাদন, বিক্রয়, পোনা মজুত ও মৎস্য আহরণসংক্রান্ত বিভিন্ন ছক উপপরিচালক (মৎস্যচাষ) প্রণয়ন করিবেন।

১৭.০ রেণু, পোনা, মৎস্য, প্রজননক্ষম মৎস্য, চিংড়ির পি.এল. ও জুভেনাইল বিক্রির ক্ষেত্রে বিধিনিষেধ :

- ১৭.১ কারিগরি কমিটি কর্তৃক সুপারিশকৃত ও মহাপরিচালক কর্তৃক অনুমোদিত নির্ধারিত মূল্যের বাহিরে কোনো সরকারি খামার ও বাঁওড় হইতে রেণু, পোনা, মৎস্য, প্রজননক্ষম মৎস্য, চিংড়ির পি.এল. ও জুভেনাইল বিক্রয় করা যাইবে না;

১৭.২ নির্ধারিত মূল্যে সরকারি খামার হইতে রেণু, পোনা, মৎস্য, প্রজননক্ষম মৎস্য, চিংড়ির পি.এল. ও জুভেনাইল বিক্রয়ের বিষয়টি সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালক এবং বাঁওড় হইতে মৎস্য বিক্রয়ের বিষয়টি প্রকল্প পরিচালক পরিবীক্ষণ করিবেন; এবং

১৭.৩ প্রজননে অক্ষম, মৃত, বাতিল ইত্যাদি খাবার উপযোগী প্রজননক্ষম মৎস্য বিক্রয়ের ক্ষেত্রে স্থানীয় বাজারমূল্য সংগ্রহ ও বিবেচনাপূর্বক তাৎক্ষণিক নিলামের মাধ্যমে বিক্রয় করিবেন।

১৮.০ রেণু, পোনা, মৎস্য, প্রজননক্ষম মৎস্য, চিংড়ির পি.এল. ও জুভেনাইল ক্রয়ের ক্ষেত্রে বিধিনিষেধ :

১৮.১ রেণু, পোনা, মৎস্য, প্রজননক্ষম মৎস্য, চিংড়ির পি.এল. ও জুভেনাইল ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুসরণ করিতে হইবে;

১৮.২ সর্বক্ষেত্রে গুণগত মানসম্পন্ন রেণু, পোনা, মৎস্য, প্রজননক্ষম মৎস্য, চিংড়ির পি.এল. ও জুভেনাইল ক্রয় করিতে হইবে;

১৮.৩ কৌলিতাত্ত্বিকভাবে ভালো গুণমানসম্পন্ন প্রাকৃতিক উৎসের ডিম/রেণু সংগ্রহপূর্বক রেণু, পোনা, প্রজননক্ষম মৎস্য উৎপাদনের ব্যবস্থা রাখিতে হইবে; এবং

১৮.৪ রেণু, পোনা, মৎস্য, প্রজননক্ষম মৎস্য, চিংড়ির পি.এল. ও জুভেনাইল ক্রয়ের ক্ষেত্রে উৎসের বিস্তারিত তথ্য সংরক্ষণ করিতে হইবে।

১৯.০ সাধারণ অনুসরণীয় নির্দেশনা :

১৯.১ খামার/বাঁওড়ে মৎস্য হ্যাচারি আইন, ২০১০ এবং মৎস্য হ্যাচারি বিধিমালা, ২০১১ অনুসরণ করিতে হইবে এবং উত্তম মৎস্যচাষ অনুশীলন (GAP) করিতে হইবে;

১৯.২ রেণু ও পোনা ক্রয়ের ক্ষেত্রে মজুতবহিতে লিপিবদ্ধপূর্বক সংরক্ষণ করিতে হইবে;

১৯.৩ মজুতবহিতে খামারে প্রজননক্ষম মৎস্য, মৎস্যসহ প্রয়োজনীয় অন্যান্য তথ্য লিপিবদ্ধ করিতে হইবে এবং তাহা হালনাগাদ রাখিতে হইবে;

১৯.৪ বাৎসরিক উৎপাদন কার্যক্রমভিত্তিক বিক্রয় নিবন্ধনবহি (Register) সংরক্ষণ করিতে হইবে; খামার/বাঁওড়ের লক্ষ্যমাত্রা পূর্ববর্তী বৎসরের চাইতে যৌক্তিকভাবে বৃদ্ধির প্রচেষ্টা থাকিতে হইবে এবং অনিবার্যকারণ ব্যতিরেকে খামার/বাঁওড়ের লক্ষ্যমাত্রা পূর্ববর্তী বৎসরের চাইতে অল্প হওয়া বাঞ্ছনীয় হইবে না এবং এইরূপ কোনো কারণ উদ্ভূত হইলে তাহা মহাপরিচালককে অবহিত করিতে হইবে;

১৯.৫ খামার/বাঁওড়ের পতিত জমিতে ও পুকুর পাড়সহ উপযুক্ত জায়গায় শাক-সবজি উৎপাদন কার্যক্রম গ্রহণ করিতে হইবে যাহা উৎপাদন পরিকল্পনায় অন্তর্ভুক্ত থাকিবে এবং খামার/বাঁওড়ের বাৎসরিক নির্ধারিত আয় নির্দিষ্ট অর্থনৈতিক কোডে সরকারি কোষাগারে জমা প্রদান করিতে হইবে।

২০.০ রহিতকরণ ও হেফাজত :

২০.১ এই নীতিমালায় যাহা কিছুই থাকুক না কেন, সরকার জনস্বার্থে এই নীতিমালার পরিবর্তন, পরিমার্জন বা সংশোধনের যে-কোনো সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করিবে;

২০.২ এই নীতিমালা কার্যকর হইবার পর 'সরকারি খামারসমূহের ২০১৭ খ্রিষ্টাব্দের কর্মপরিকল্পনা প্রণয়নসংক্রান্ত নির্দেশিকা' বাতিল বলিয়া গণ্য হইবে।